## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জাতীয় রাজস্ব বোর্ড রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

[ মৃসক আইন ও বিধি শাখা ]

ব্যাখ্যা পত্র নং-০২/মূসক/২০১৮ তারিখঃ ১৪ আষাঢ়, ১৪২৫ বঞ্চাব্দ/২৮ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ।

## বিষয়ঃ মোবাইল ফোন অ্যাপসভিত্তিক পরিবহনের রাইড শেয়ারিং সেবার ক্ষেত্রে মূল্য সংযোজন কর আদায়।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বর্তমানে মোবাইল অ্যাপসভিত্তিক বিভিন্ন পরিবহনের রাইড শেয়ারিং সেবা (যেমন: উবার, পাঠাও ইত্যাদি) খুব দুত জনপ্রিয় হয়েছে। কিন্তু সেবাটি মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর দ্বিতীয় তফসিলভুক্ত না হওয়ায় মূসক অব্যাহতি সুবিধা ভোগ করে না। স্পষ্টতই এ সেবাটি সেবা কোড ১০৯.০০ "সোশ্যাল মিডিয়া ও ভার্চুয়াল বিজনেস" সেবার অন্তর্ভুক্ত।

০২। সেবাটি পর্যালোচনায় দেখা যায়, এ ধরনের সেবা প্রদানের ক্ষেত্রে, বিভিন্ন ব্যক্তিগত পরিবহনের মালিক নিজে কিংবা চালক নিয়োগপূর্বক মোবাইল অ্যাপস ব্যবহারের মাধ্যমে ব্যবসায়িক উদ্দেশ্যে যাত্রীপরিবহন সেবা প্রদান করে থাকেন। উক্ত সেবার বিপরীতে যাত্রী নির্দিষ্ট গন্তব্যে পৌছানোর পর মোবাইল অ্যাপস এর মাধ্যমে নির্ধারিত ভাড়া/সেবামূল্য গাড়ীর চালককে পরিশোধ করে থাকেন। গাড়ীর চালক যাত্রীর নিকট হতে যে সেবামূল্য গ্রহণ করেন, তার আংশিক মোবাইল অ্যাপসভিত্তিক সেবা সরবরাহকারী প্রতিষ্ঠান (যেমন: উবার, পাঠাও কর্তৃপক্ষ ইত্যাদি) প্রাপ্ত হন। মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর দ্বিতীয় তফসিলের অনুচ্ছেদ-৬ এর (গ) মোতাবেক সকল প্রকার বাহনের চালক কর্তৃক প্রদত্ত সেবা ব্যক্তিগত সেবা হিসেবে মূসক অব্যাহতি সুবিধা ভোগ করে। তাই গাড়ীর চালক কর্তৃক সেবা প্রদানের বিপরীতে প্রাপ্ত সমুদয় সেবামূল্যের যে অংশটুকু প্রকৃত পক্ষে নিজে গ্রহণ করেন, সে অংশটুকুই শুধুমাত্র মূসক অব্যাহতি প্রাপ্ত। কিন্তু তা ব্যতীত এ সেবা প্রদানের বিপরীতে প্রাপ্ত সর্বমাট সেবামূল্যের যে অংশ অ্যাপস পরিচালনাকারী প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষ (যেমন: উবার, পাঠাও ইত্যাদি) প্রাপ্ত হন, শুধুমাত্র সে অংশের উপর নীট ৫ (পাঁচ) শতাংশ হারে মূসক আদায়যোগ্য হবে।

০৩। মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৩৮ এ প্রদত্ত ক্ষমতাবলে এ দপ্তরের ব্যাখ্যা পত্র নং-০১/মূসক/২০১৮ তারিখঃ ২৪ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ মোতাবেক ০৭ জুন, ২০১৮খ্রিস্টাব্দ রহিতক্রমে এ ব্যাখ্যাপত্র জারি করা হলো।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোঃ তারেক হাসান) দ্বিতীয় সচিব (মুসক আইন ও বিধি)